

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৮৯৯.১৫-৫৩৮

তারিখঃ ১১/১২/২০২২ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সফটওয়্যার পর্যালোচনায় প্রাপ্ত তথ্য অনুযায়ী দেখা যায় দক্ষিণ ইসলামপুর মহিলা সমিতির সদস্য জনাব মুন্নি (১০৭৮৬৬-৩২-২৩), জনাব মোসাঃ শিরিনা বেগম (১০৭৮৬৬-৩২-০৩), জনাব মোসাঃ শাহনাগ (১০৭৮৬৬-৩২-৩৩), জনাব নাসিমা বেগম (১০৭৮৬৬-৩২-০৫) ও মোসাঃ রেনু বেগম (১০৭৮৬৬-৩২-০৫) এবং গৈয়াতলা মহিলা সমিতির সদস্য জনাব লাকি বেগম (১০৭৮৬৬-১৫-১৮), জনাব সাজেদা বেগম (১০৭৮৬৬-১৫-১৯) ও জনাব মালেকা বেগম (১০৭৮৬৬-১৫-২৮) ০৪(চার)/৫(পাঁচ) দফার প্রত্যেক দফায় প্রদত্ত ঋণের সমুদয় অর্থ প্রায় এককালীন পরিশোধ করা সত্ত্বেও প্রতিবার ঋণের সিলিং বৃদ্ধি করে ঋণ বিতরণ করা হয়েছে। এতে স্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, আপনি কর্তৃপক্ষের স্মারক নং ১০৯ তারিখঃ ১৪/১২/২০২১ খ্রিঃ মূলে জারিকৃত নির্দেশনা অমান্য করে বর্ণিত সদস্যদের কিস্তি আদায়ের হার ৭৫% না হওয়া এমনকি এককালীন ঋণের অর্থ পরিশোধ করা সত্ত্বেও বারবার ঋণ প্রদান করছেন; যা কর্তৃপক্ষের আদেশ অবমাননার শামিল। এছাড়া আপনার দপ্তর হতে প্রেরিত নভেম্বর/২২ মাসের ক্যাশবহি, সাধারণ খতিয়ান, দৈনিক জমা রেজিস্ট্রার, ঋণ বিতরণ ও আদায় খতিয়ান, ব্যাংক স্টেটম্যান্ট পর্যালোচনা করে দেখা যায় বিগত ০৬/১১/২২ খ্রিঃ তারিখে ক্যাশ বহির হিসাবের তুলনায় ব্যাংকে কম পরিমাণ অর্থ জমা প্রদান করেছেন এবং বর্ণিত ঘাটিকৃত অর্থ ০৭/১১/২২ তারিখে ঋণ বিতরণের পর ব্যাংকে জমা প্রদান করা হয়েছে। এতে স্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, সদস্যদের/সমিতির পূর্বের ঋণ সম্পূর্ণ পরিশোধ না হওয়া সত্ত্বেও খাতাপত্রে জালিয়াতি করে সম্পূর্ণ পরিশোধ দেখিয়ে পুনরায় ঋণ বিতরণপূর্বক অপরিশোধিত ঋণ বিতরণকৃত ঋণ হতে আদায় করে/কেটে রেখে ব্যাংকে জমা প্রদান করা হয়েছে; যা সম্পূর্ণভাবে আর্থিক শৃঙ্খলা পরিপন্থী।

এমতাবস্থায়, কর্তৃপক্ষকে অবমাননা, আর্থিক শৃঙ্খলা পরিপন্থী ও জালিয়াতির পর্যায়ভুক্ত কার্যক্রমের জন্য কেন আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা অত্র পত্র জারির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে বলা হলো।

মোঃ সাদেকুর রহমান
উপ প্রকল্প পরিচালক

জনাব মোঃ নেছার উদ্দীন
এআরডিও
ইরেসপো, বিআরডিবি,
কলাপাড়া, পটুয়াখালী

অনুলিপি কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।

সদয় জ্ঞাতার্থেঃ

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৪. অফিস নথি।